



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক লিবার্টির WNBA ফাইনালস বিজয়ের উদযাপনে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করার ঘোষণা করেন

নিউ ইয়র্ক লিবার্টির প্রথম চ্যাম্পিয়নশিপ টাইটেলের স্বীকৃতিতে নিউ ইয়র্ক সীফোম সবুজ এবং সাদা আলোয় আলোকিত হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক লিবার্টির (New York Liberty) নারীদের জাতীয় বাস্কেটবল অ্যাসোসিয়েশনের (Women's National Basketball Association, WNBA) চ্যাম্পিয়নশিপ জেতা উদযাপন করতে 21 অক্টোবর, 2024 তারিখে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে সীফোম সবুজ এবং সাদা আলোয় আলোকিত করা হবে। একটি পাঁচটির মধ্যে সেরা সিরিজের গেম 5 এ মিনেসোটা লিংক্সকে (Minnesota Lynx) হারিয়ে লিবার্টি তাদের 28 বছরের ইতিহাসে দলটির প্রথম টাইটেল জিতে নেয়।

"নিউ ইয়র্ক একটি দারুণ ক্রীড়া স্টেট, এবং গতকাল রাতের গেমটি শুধু লিবার্টির জন্য তাদের প্রথম চ্যাম্পিয়নশিপ টাইটেল বিজয় নয়, বরং এছাড়াও এটি নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি চ্যাম্পিয়নশিপ টাইটেল," **গভর্নর হোকল বলেন।** "রোমাঞ্চ এবং প্রত্যাশা, এবং টানটান উত্তেজনার বিজয় সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি রোমাঞ্চকর রাত তৈরি করেছিলো, এবং লিবার্টির প্রত্যেক খেলোয়াড়কে নিয়ে আমি অত্যন্ত গর্বিত এবং আমরা তাদের সুপ্রাপ্য এই বিজয় উদযাপন করছি।"

যে ল্যান্ডমার্কসমূহ আলোকিত করা হবে তা হলো:

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

20 অক্টোবর, 2024 তারিখে ফ্র্যাঞ্চাইজির ইতিহাসে তাদের 19তম প্লেঅফ খেলার সময় ব্রুকলিনের বারকলেজ সেন্টারে (Barclays Center) নিজেদের ঘরের মাঠে নিউ ইয়র্ক লিবার্টি তাদের প্রথম WNBA চ্যাম্পিয়নশিপ টাইটেল জিতে নেয়। গেম 5 এর প্রায় শেষ সময়েও মিনেসোটা লিংক্সের দুই পয়েন্টে এগিয়ে ছিলো, কিন্তু 5.2 সেকেন্ড অবশিষ্ট থাকার সময়ে লিংক্সের অ্যালানা স্মিথের জন্য দুইটি শুটিং ফাউল ডাকা হলে লিবার্টির অল-WNBA এবং দুই বারের সবথেকে মূল্যবান খেলোয়াড় (Most Valuable Player, MVP) ফরোয়ার্ড ব্রিয়ানা স্টুয়ার্ট দুইটি ফ্রি থ্রোয়ের সুযোগে সফল হয়, যার ফলে 60 পয়েন্টে গেমটি টাই হয়। ওভারটাইমে, নিউ ইয়র্ক লিবার্টি শীর্ষে ছিলো এবং একটি বিজয়ী সবকিছু জিতে নিবে এমন গেম 5 এ লিংক্সের সাথে 67-62 পয়েন্টে জয়লাভ করে নিজেদের চ্যাম্পিয়নশিপ নিশ্চিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)